for better homes, the better choice is

Spitalfields
Housing Association Ltd
স্পিটালফিল্ডস্ হাউজিং এসোসিয়েশন লিঃ

৭৮ কোয়েকার স্ট্রীট, লন্ডন ই১ ৬এস, ডবলিউ
ফোনঃ ০২০৭ ৩৯২ ৫৪০০, ফ্যাক্সঃ ০২০৭ ৩৯২ ৫৪০১

নিউজলেটার তারিখ : ১৫/১২/২০০৭

<u>খ্রীষ্টমাস অফিস ছুটি</u>

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অফিস আগামী ২৪শে ডিসেম্বর ২০০৭ইং সোমবার বিকাল ৩:৩০ মিঃ থেকে ২রা জানুয়ারী ২০০৮ইং বুধবার সকাল ৯:৩০মিঃ এর পূর্ব পর্যন্ত বন্ধ থাকবে।

২রা জানুয়ারী ২০০৮ ইং বুধবার থেকে অফিস পূণঃরায় খুলবে এবং কার্যক্রম পুরোদমে চলবে। আশা করা যাচ্ছে-আপনাদের যদি এমন কোন মেরামত কাজ থাকে যা জরুরী প্রকৃতির নয় সেগুলোর জন্য আপনি খ্রীষ্টমাস এর পর নতুন বৎসরে অফিস খোলা পর্যন্ত অপেক্ষা করতে পারবেন। তথাপিও, আপনার যদি প্রকৃত পক্ষে **কোন জরুরী মেরামতের** প্রয়োজন দেখা দেয় সে রকম ক্ষেত্রে আপনি নিম্ন লিখিত **জরুরী নম্বর** সমূহে যোগাযোগ করতে পারেন ঃ-

০২০৭ ২৪৭ ২২৪৬ / ০৭৯৪৭ ৮৭৫ ৫৪৪ - ওরিয়েন্টাল কন্ট্রাকন্টিং কোম্পানী লিমিটেড (ও, সি, সি)।

ওরিয়েন্টাল কন্ট্রাকন্টিং কোম্পানী লিমিটেড কর্তৃক প্রদত্ত **জরুরী মেরামত সার্ভিসসমূহ** এর তালিকা সম্পর্কে জানার জন্য অনুগ্রহ পূর্বক নীচের অনুচ্ছেদ সমূহ দেখুন।

এই সার্ভিস ২৪শে ডিসেম্বর ২০০৭ বিকাল ৩:৩০ মিঃ থেকে ২রা জানুয়ারী ২০০৮ সকাল ৮:০০টা এর পূর্ব পর্যন্ত পাওয়া যাবে। এটা **শুধুমাত্র জরুরী** মেরামত কাজের জন্য। এই সার্ভিসের অপব্যবহার এর ফলশ্রুতিতে কোন প্রকার অজরুরী প্রকৃতির কাজ করানোর দায়দায়িত্ব এ্যাসোসিয়েশন বহন করবে না।

স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন এর ২০০৭/৮ খ্রীষ্টমাস ছুটিকালীন কভার এর শর্তাবলী

ওরিয়েন্টাল কন্ট্রাকটিং কোঃ (ও, সি, সি,) কর্তৃক তাদের বেসিক ইমার্জেন্সী সার্ভিস এর অংশ হিসাবে যে সমস্ত কভার প্রদান করা হয় সেগুলো হচ্ছে ঃ-

- দরজা বা জানালা মেরামত,
- তালা এবং তৎসহ বলপূর্বক অনুপ্রবেশ এর পর দৃঢ় করনের মাধ্যমে প্রোপার্টির নিরাপত্তা নিশ্চিত করা,
- কোন দূর্ঘটনার পর আবর্জনা ও কাঁচের টুকরা সহ অন্যান্য ধংসাবশেষ পরিস্কার করা,
- জেটিং না করে আটকে পড়া নর্দমা ও পয়ঃ প্রণালী ত্রুটি মুক্ত করা,
- গৃহস্থালী সেন্ট্রাল হিটিং এ পুনঃরায় চালু (অগিন সংযোগ) করা,
- সেন্ট্রাল হিটিং ও গরম পানি মেরামত / পুনঃর্বহাল করা, ˆবদ্যুতিক ত্রুটি নির*f*পন এবং তৎসহ পরীক্ষা করন,
- গ্যাস লিকেজ এ হাজির হওয়া এবং এ সংক্রান্ত বিষয়ে সুপারিশ করা,
- বিদ্যুৎ বিঘœতায় হাজির হওয়া ও এ সংক্রান্ত বিষয়ে সুপারিশ করা,
- পানি সরবরাহে বিঘতায় হাজির হওয়া ও তার নিমিত্তে সুপারিশ করা,
- রাস্তার বড় নর্দমা বা পয়ঃ প্রণালীর ভেঙ্গে পড়া / অকেজো অবস্থার নিরসন করা,
- নর্দমা সমূহ জেটিং (সজোরে তরল পদার্থ নিক্ষেপন) করা,
- টয়লেট সমূহের আটকে পড়া অবস্থা ত্রুটি মুক্ত করা,
- সিঙ্ক বা বাথ এর আটকে পড়া অবস্থার ত্রুটিমুক্ত করন,
- প্রতিটি ভাড়াকৃত প্রোপার্টিতে ও কমিনিউটি আলোকিত করণ এলাকা সমূহে বিদ্যুৎ জ্বালানী পূণঃর্বহাল করা।

আরজেন্ট গরম পানি এবং হিটিং সমস্যাদি ঃ **ওরিয়েন্টাল কন্ট্রাকন্টিং কোম্পানী (ও, সি, সি) ঃ ০২০৭ ২৪৭ ২২৪৬ / ০৭৯৪৭ ৮৭৫ ৫৪৪** ।

অন্যান্য আরজেন্ট মেরামত কার্যাদিঃ ও, সি, সি, কর্তৃক প্রদত্ত অন্যান্য আরজেন্ট মেরামত কার্য্যাদি সমূহ এর তালিকা সম্পর্কে জানার জন্য অনুগ্রহ পূর্বক নীচের অনুচ্ছেদ সমূহ দেখুন ।

ওরিয়েন্টাল কন্ট্রাকটিং কোম্পানী লিমিটেড কর্তৃক ইহার আরজেন্ট মেরামত সার্ভিসের আওতাধীনে যে সব আরজেন্ট মেরামত সার্ভিসের কভার প্রদান করা হয় সেগুলো হচ্ছে ঃ-

- পূর্বে স্থাপন কৃত অথবা ভেঙ্গে যাওয়া জানালা পূণঃরায় গ্লেজিং করা,
- সেন্ট্রাল হিটিং ও গরম পানি মেরামত / পূণঃ স্থাপন, বৈদ্যুতিক ষ্টোরেজ হিটারের পূণঃ স্থাপন,
- কমিউনাল লাইটিং এবং লিফ্ট নষ্ট হয়ে যাওয়া ।
- ল্যাথাম হাউস এর ভাড়াটিয়াদের ক্ষেত্রে অফিস সময়ের বাহিরে লিফ্ট মেরামত এর জন্য ০৮০০ ৬৫২ ০৬৯২ নম্বরে যোগাযোগ করতে হবে।

নিমেœ বর্ণিত ধরনের মেরামত কাজের জন্য আপনাদেরকে প্রথমে সংশ্লিষ্ট সরবরাহকারী (সাপ্লায়ার) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে। (যদি সরবরাহকারী সাহায্য করতে না পারে, কেবল মাত্র সে সকল ক্ষেত্রে আপনারা আমাদের ঠিকাদার এর সাথে যোগাযোগ করতে পারবেন)।

পানি সরবরাহ বন্ধ ঃ "থেমস্ ওয়াটার" ০৮৪৫ ৯২০ ০৮০০

গ্যাস লিকেজ কিংবা সরবরাহে বিঘœতা ঃ "ট্রান্সকো" ০৮০০ ১১১ ৯৯৯

বৈদ্যুতিক বিভ্রাট বা বিপদজনক ত্রুটি সমুহ : ০৮০০ ০২৮ ০২৪৭

অনুগ্রহ পূর্বক মনে রাখবেন ঃ ল্যাথাম হাউস এর ভাড়াটিয়াদের জন্য জরুরী বয়লার / হিটিং / গরম পানি মেরামত সার্ভিস 'পারগাস' - ০২০৮ ৩৬০ ৪৭৪৮ কর্তৃক প্রদান করা হয়।

অনুগ্রহপূর্বক শুধুমাত্র জরুরী ক্ষেত্রে উপরোক্ত নম্বর সমূহে যোগাযোগ করে আমাদের সহযোগীতা করবেন।

হাউজিং করপোরেশন মূল্যায়ন

নিমেন ব্যবহৃত ‘ট্রাফিক লাইট” পদ্ধতিটি নিয়ন্ত্রকারী নীতিমালা ও উন্নয়ন পারদর্শীতার কতখানি স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন পূরন করেছে তার সম্পর্কে হাউজিং করপোরেশন এর সার্বিক মূল্যায়ন নির্দেশ করে। একটা সবুজ সংকেত নির্দেশ করে যে, পারদর্শীতার বিষয়ে কোন উদ্বেগ নাই, এ্যাসোসিয়েশন নিয়ন্ত্রনকারী নীতিমালাসমূহের শর্তাবলী পুরন করছে একটা ভালো পারফর্মেন্স এর নির্দেশক; একটা কমলা রং এর সংকেত নির্দেশ করে যে পারফর্মেন্স সম্পর্কে কিছু বিষয়ে উদ্বেগ রয়েছে- ফলশ্রুতিতে করপোরেশন কর্তৃক নূন্যতমের চেয়ে বেশী ব্যবস্থা গ্রহন করা হবে; একটা লাল সংকেত পারদর্শিতার বিষয়ে গুরুতর উদ্বেগ নির্দেশ করে।

ভায়েবল (সাহায্য ছাড়া টিকে থাকতে সক্ষম) নিয়ন্ত্রনকারী নীতিমালার পার্ট -১ এর আলোকে পরিপূর্ণতা পরিমাপক। এ্যাসোসিয়েশন রেগুলেটরী কোড এর পার্ট-১ এ নির্দেশিত আর্থিক টেকসই সংক্রান্ত শর্তাবলীর চাহিদাসমূহ পূরন করেছে।

যথাযথ পরিচালন :নিয়ন্ত্রনকারী নীতিমালার পার্ট-২ এর আলোকে চাহিদা পূরন পরিমাপক।
গভর্নিং বডি (পরিচালনা পর্ষদ) যথাযথ পরিচালন পদ্ধতি ও নির্বাহী ব্যবস্থাসমূহের সহযোগিতায় সংস্থাটির সন্তোষজনক নিয়ন্ত্রন বজায় রাখে।

যথাযথভাবে ব্যবস্থাপিত: নিয়ন্ত্রনকারী নীতিমালার পার্ট-৩ এর আলোকে চাহিদা পরিমাপক। এ্যাসোসিয়েশন সাধারণতঃ ইহা যে প্রেক্ষাপটে কাজ করে এবং ইহার বর্তমান সম্পদসমূহের সাথে সামঞ্জস্যপূর্নভাবে প্রত্যাশিত মান পূরণ করে।

উন্নয়ন: হাউজিং করপোরেশন এর অর্থায়ন সম্পর্কিত উন্নয়ন ।ন্যাশনাল এপ্রুভড্ হাউজিং প্রোগ্রাম (এন, এ, এইচ, পি,) ২০০৬/০৮ এর জন্য স্পিটালফিল্ডস্ কোন সরাসরি আর্থিক বরাদ্ধ গ্রহন করে নাই, তবে এ্যাসোসিয়েশন ব্যবস্থাপনা ও মালিকানার জন্য ইউনিটসমূহ গ্রহনের নিমিত্তে হাউজিং করপোরেশন এর কয়েকটি ইনভেষ্টমেন্ট পার্টনার এর সাথে কাজ করে যাচ্ছে। N/A

স্পিটালফিল্ডস্ বর্তমানে কয়েকটি কেŠশলগত অংশীদার (স্ট্র্যাটেজিক পার্টনার) এর সাথে কাজ করছে। ন্যাশনাল এপ্রুভড্ হাউজিং প্রোগ্রাম (এন, এ, এইচ, পি,) ২০০৬/০৮ এর জন্য স্পিটালফিল্ডস্ কোন সরাসরি আর্থিক বরাদ্ধ গ্রহন করে নাই, তবে এ্যাসোসিয়েশন ব্যবস্থাপনা ও মালিকানার জন্য ইউনিটসমূহ গ্রহনের নিমিত্তে হাউজিং করপোরেশন এর কয়েকটি ইনভেষ্টমেন্ট পার্টনার এর সাথে কাজ করে যাচ্ছে। স্পিটালফিল্ডস্ বর্তমানে কয়েকটি কৌশলগত অংশীদার (স্ট্র্যাটেজিক পার্টনার) এর সাথে কাজ করছে।

সাইক্লোন সিডর ফান্ডে সাহায্য দান

বিগত ১৩ই ডিসেম্বার ২০০৭ স্পিটালফিল্ডস. হাউজিং এ্যাসোসিয়েসন এর সভাপতি জনাব আস্কান্দার আলী এবং বোর্ডের সদস্যরা যুক্তরাজ্যে বাংলাদেশ হাইকমিশনার জনাব সফি ইউ আহমেদের কাছে বাংলাদেশের সাইক্লোন দূর্গতদের সাহায্যার্তে ৫০০০ হাজার পাউন্ডের একটি চেক্ হস্তান্তর করেন। সম্মানিত হাইকমিশনারকে স্বাগত জানিয়ে জনাব আস্কান্দার আলী আশাবাদ ব্যক্ত করেন যে আন্তর্যাতিক সম্প্রদায় এবং ব্রিটেনে বসবাসরত বাংলাদেশী সম্প্রদায় সাইক্লোন দূর্গতদের সাহায্যার্তে যে সহায়তা প্রদান করেছেন তা যেন সঠিক জায়গায় সঠিক সময়ে পৌছায়। সম্মানিত হাইকমিশনার বর্তমান সরকারের এই বিষয়ে কর্মসুচীর আলোকপাত করে জানান সরকার বিভিন্ন আশ্রয় সহাপনা এবং পূণর্নীর্মান প্রকল্পসহ ক্ষেত-খামারে শষ্য ও বীজ মজতকরন, সারের সর্বরাহ এবং ভবিষ্যতে এই ধরনের দূর্যোগে কিভাবে মোকাবেলা করা যায় সেই বিষয়ে দীর্ঘকালীন কৌশল নীর্ধারন করছে।

হাউজিং ব্যবস্থাপনার জন্য রেসপেক্ট ষ্ট্যান্ডার্ড - সমাজ বিরোধী আচরন প্রতিহতকরন / আপনার এষ্টেটসমূহ দেখাশুনা করা

স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন সরকারের হাউজিং ম্যানেজমেন্ট ইনিশিয়েটিভ এর নিমিত্তে রেসপেক্ট ষ্ট্যান্ডার্ড এর চুক্তিপত্রে স্বাক্ষরকারী একটা ল্যান্ডলর্ড । এ চুক্তিপত্রে স্বাক্ষর করার মাধ্যমে এ্যাসোসিয়েশন সমাজ বিরোধী আচরন এর কারণসমূহ ও ইহার পরিণতিসমূহ মোকাবেলা করাসহ ভবিষ্যতে সে ধরনের কর্মকান্ড প্রতিরোধ করার উপর কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা টাওয়ার হ্যামলেট্স্ এর আওতাধীন কিছু সংখ্যক অন্যান্য হাউজিং এ্যাসোসিয়েশন সমূহের সাথে পার্টনারশীপ এর মাধ্যমে কাজ করে যাচ্ছি এবং আমাদের সম্মিলিত জ্ঞান, অভিজ্ঞতা ও সম্পদসমূহের উপর নির্ভর করে আমরা আমাদের সকল বাসিন্দাদের জীবন যাত্রার মান উন্নয়নে একটা গ্রহনযোগ্য উন্নয়ন সাধন করতে পারবো বলে আশাবাদী। এ ভালো ধারনাকে বাস্তবে রূপ দেওয়ার কাজে সহায়তা করার জন্য আমরা আপনাকে তথা আমাদের বাসিন্দাদের ফোকাস গ্রুপ সমূহে, ইনিশিয়েটিভসমূহে, প্রকল্পসমূহে এবং স্কীমসমুহে জড়িত করবো। আপনার স্থানীয় পরিবেশমন্ডলীকে একটা চমৎকার স্থানে পরিণত করার লক্ষ্যে আমাদেরকে সহযোগিতা করার কাজে আপনি কিভাবে জড়িত হতে পারেন সে বিষয়ে যদি আপনি কিছু জানতে চান তবে অনুগ্রহপূর্বক মুরসেলীন ইসলাম এর সাথে ০২০৭ ৩৯২ ৫৪০৭ অথবা স্টেফেনী মেকডোনাল্ড এর সাথে ০২০৭ ৩৯২ ৫৪০০ নম্বরে যোগাযোগ করবেন।

আপনার আবর্জনা যথাস্থানে ফেলুন

কখানো কখনো তালাযুক্ত বিন-ষ্টোর সম্বলিত এষ্টেটে বসবাসকারী বাসিন্দাগন তাঁদের আবর্জনা ফেলার পর সব সময় বিন-ষ্টোর এর দরজাসমূহ তালাবদ্ধ করছেন না। বহিরাগত ব্যক্তিগণ কর্তৃক সেখানে আবর্জনা ফেলা এবং অন্যান্য সমাজ বিরোধী আচরন যেমন: মাদক ব্যবহার ইত্যদি প্রতিরোধ করার নিমিত্তে প্রতিবারই ব্যবহার এর পর বিন্-ষ্টোর তালাবদ্ধ করা অত্যন্ত জরুরী। সকল বাসিন্দাদের আরো মনে করিয়ে দেয়া যাচ্ছে যে, তাঁরা যেন বিন্ এলাকাসমূহ সব সময় পরিস্কার (অবাধ চলাচল উপযোগী) রাখেন- কারণ, বিন্ ও বিন্ এলাকাসমূহে প্রতিবন্ধকতা থাকলে আবর্জনা সংগ্রহের তারিখসমূহে বিন্ ম্যানগণ সেগুলো খালি করতে না পারার ফলে আবর্জনা সংগ্রহে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়ে থাকে।

নুশরাত আক্তার: স্পিটালফিল্ডস্ আমার অভিজ্ঞতা

আপনাদের মধ্যে যাঁরা আমাকে চিনেন না তাঁদের প্রতি, আমার নাম নুশরাত আক্তার। আমি অক্টোবর ২০০৭ মাসে স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশনে এ একজন হাউজিং ম্যানেজমেন্ট ট্রেইনী হিসাবে কাজ শুরু করেছি। আমার প্রশিক্ষন এর অংশ হিসাবে আমি বর্তমানে "দ্যা কলেজ অফ নর্থ ইষ্ট লন্ডন" এ 'সার্টিফিকেট ইন হাউজিং (সি, আই, এইচ)' কোর্সে অধ্যয়ন করছি । এর অতিরিক্ত হিসাবে, আমি একটা স্বীকৃত সার্টিফিকেট (সনদ পত্র) অর্জন এবং আমার দক্ষতা ও প্রতিভা আরো প্রশস্ত করার ব্যাপারে আশাবাদী। যখন আমি প্রথম স্পিটালফিল্ডস্ এ কাজ শুরু করি তখন হাউজিং বিষয়ে আমার ততোটা জ্ঞান ও অভিজ্ঞতা ছিল না। অল্প কয়েক সপ্তাহ অতিক্রম করার পর আমি এস, এইচ, এ, সম্পর্কে, কিভাবে ইহা কাজ করে, ইহার লক্ষ্যাবলী ও অর্জন সমূহ কি কি এসব বিষয়ে ধারণা পেতে শুরু করেছি। টাওয়ার হামলেটস্ এর মধ্যে বেড়ে উঠা এবং বসবাস করার কারনে স্থানীয় কমিউনিটি সম্পর্কে এবং স্থানীয় শিশু ও পিতা-মাতাগণ কি ধরনের সমস্যাবলীর সম্মুখীন হয়ে থাকেন সে সকল বিষয়ে আমার একটা গভীর (অন্তর্নিহিত) ধারনা রয়েছে। আমার এ জ্ঞান ও অভিজ্ঞতার উপর ভিত্তি করে এমন একটা ভূমিকায় আমি সেগুলো প্রয়োগ করতে গভীরভাবে আগ্রহী যেখানে আমার কাজ স্থানীয় কমিউনিটিকে সরাসরি উপকৃত করতে পারবে এবং এ কারনেই আমি মনে করি, হাউজিং ম্যানেজমেন্ট ট্রেইনী আমার জন্য একটা চমৎকার সুযোগ। স্পিটালফিল্ডস্ আমাকে হাউজিং এ প্রথম পদক্ষেপ রাখতে সুযোগ করে দিয়েছে এবং আমার দক্ষতা আরো বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রেখেছে। জনগনের একটা ব্যাপক শ্রেনীর প্রতিনিধিদের সংস্পর্শে থেকে ভাড়াটিয়াদের সরাসরি সেবা প্রদান করা সহ তাঁদের ইচ্ছা ও পছন্দের উপর কাজ করতে আমি উপভোগ করি। আমি বাসিন্দাদের পরিবারের সদস্যবৃন্দকে হাউজিং সংক্রান্ত বিষয়ে উপদেশ প্রদান, হাউজিং বেনিফিট ফরম পূরন এবং কিভাবে মেরামতরে বিষয়সমূহ অবহিত করতে হয় ইত্যাদি বিষয়ে সহায়তা করেছি। আমি একজন নির্ভরযোগ্য ও কঠোর পরিশ্রমী ব্যক্তি এবং আমার চমৎকার উপস্থিতি ও সময়নিষ্ঠতার জন্য আমি গর্বিত । একটা ভালো যোগাযোগ ও ব্যক্তিগত সম্পর্ক দক্ষতার মাধ্যমে আমার কাজের প্রতি আমার একটা দায়িত্বপূর্ন মনোভাব রয়েছে বলে আমি মনে করি। এস্, এইচ্, এ, এর মধ্যে আমি আরো পরিপক্কতা অর্জন করবো। আপনাদের কোন বিষয়ে জানার থাকলে এবং কোন বিষয়ে কোন সমস্যা থাকলে সে ক্ষেত্রে আপনাদেরকে সহায়তা করাই হচ্ছে এখানে আমার কাজ ।

বেষ্ট ভ্যালু

বিগত ছয় মাস যাবৎ স্পিটালফিল্ডস্ এর ষ্টাফবৃন্দ ও ইহার ভাড়াটিয়াবৃন্দ একটা ক্রমাগত উন্নয়ন ও উচ্চ মানের সেবা প্রদানের লক্ষ্যে বেষ্ট ভ্যালু প্রক্রিয়ার জন্য নিয়মিতভাবে সভায় মিলিত হয়ে আসছেন। সকল সেবাসমুহের মান ক্রমাগতভাবে উন্নয়ন সাধন এবং ভাড়াটিয়াদের চাহিদাসমূহ ও প্রত্যাশাসমূহ পূরনের নিমিত্তে এই প্রক্রিয়াটি ম্যানেজমেন্টকে পরিকল্পনা প্রনয়ন, পর্যালোচনা এবং তাঁদের পারফর্মেন্স (পারদর্শীতা) ব্যবস্থাপনায় সহায়তা স্বরূপ প্রয়োজনীয় উপকরণ সমূহ প্রদান করে থাকে। চলতি বছরে প্যানেল বিভিন্ন পরামর্শ সমূহ তৈরী করেছে যার মধ্যে রয়েছে - রিপেয়ার অর্ডার ফরম পূনঃরায় ডিজাইন করা, বাসিন্দাদের প্রতি কিউ, এস, (কোয়ালিটি সার্ভে) ফরম পূরনের বিষয় স্মরন করিয়ে দেওয়ার নিমিত্তে গাঢ় ছাপায় একটা তাগাদা, সঠিক নীতিমালা ও পদ্ধতিসমূহ এর ব্যাপারে নিয়মিত প্রশিক্ষন প্রদান, ভ্যারিয়েশন অর্ডার এর অনুসরনে মেরামতসমূহ নিরসনে ব্যায়িত সময় নিরূপনে আরো পরিসংখ্যানিক রিপোর্ট চালুকরন, পরবর্তী ভাড়াটিয়া জরিপে একটা প্রশ্ন অন্তর্ভূক্তিকরন যাতে ভাড়াটিয়াদেরকে বিরক্তি

ফেয়ার ফাইন্যান্স - আর্থিক বিষয়ে আপনাকে সাহায্য প্রদান

ভাড়াটিয়াদের বকেয়া ভাড়া, ঋণ উপদেশ, একটা সুবিধাজনক উপায়ে বকেয়া পরিশোধের ব্যবস্থা, বকেয়া বিলসমূহ, চলমান ঋন ও ধারসমূহ ইত্যাদি সহ বিভিন্ন আর্থিক বিষয়ে সেবা প্রদানের লক্ষ্যে স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন বিগত ২ বৎসর যাবৎ ফেয়ার ফাইন্যান্স এর সাথে কাজ করে আসছে।বকেয়া ভাড়া আদায়কল্পে গৃহীত আইনী ব্যবস্থা থেকে রক্ষা পেতে এবং বহুবিধ ঋনের সমস্যা থেকে নিস্কৃতি পেতে সহায়তা হিসাবে ভাড়াটিয়াগণ তাঁদের নিজ নিজ হাউজিং অফিসার কর্তৃক সুপারিশের ভিত্তিতে বর্তমানে একটা গোপনীয় ও নিরপেক্ষ ঋণ পরামর্শ সেবা পেতে পারেন। আপনার যদি বাড়ী ভাড়া বকেয়া পড়ে থাকে এবং যদি অনুভব করে থাকেন যে, আপনার অবস্থা দিন দিন আরো খারাপ হচ্ছে, তবে আইনগত ব্যবস্থার জন্য অপেক্ষা না করে আপনার হাউজিং অফিসার নুরুল ইসলাম বা ফারুক উদ্দীন এর সাথে যোগাযোগ করুন এবং ঋণ বিষয়ক পরামর্শের জন্য "মানি ম্যাটার্স প্রজেক্ট" এর নিকট আপনাকে পাঠানোর বিষয়ে তাঁদের সাথে কথা বলুন। এই সার্ভিস এর মাধ্যমে বাসিন্দাগণ গোপনীয় এবং নিরপেক্ষ ঋন পরামর্শ (উপদেশ) পেতে পারবেন। বিকল্পস্বরূপ, আপনি চাইলে সরাসরি ০২০৭ ৭৮০ ১৭৭৭ নম্বরে "ফেয়ার ফ্যাইন্যান্স" এর সাথে যোগাযোগ করে আপনার অবস্থা সম্পর্কে আলোচনা করতে পারেন এবং এ ছাড়াও আপনি "ন্যায্য" (স্বল্প) হারে সুদের ভিত্তিতে প্রদত্ত ব্যক্তিগত ও ব্যবসায়িক ঋণ সমূহ পাবার বিষয়ে জানতে পারবেন।

ভাড়াটিয়া জরিপ ঃ একটি তাগাদা

আপনাদের অংশগ্রহনের মাধ্যমে আমাদের সেবা সমূহের মান উন্নয়নের নিমিত্তে আমাদের ধারাবাহিক প্রচেষ্ঠার অংশ হিসাবে আমরা অক্টোবর -২০০৭ এর বিগত নিউজ লেটার এর সাথে আপনাদের নিকট "ভাড়াটিয়া জরিপ ২০০৬/২০০৭" পাঠিয়েছি। তখন থেকে বিগত ৪ সপ্তাহ যাবত আমরা আপনাদের মধ্যে যাঁরা জরিপ ফরমটি পূরন করে এখনো ফেরত পাঠান নাই তাঁদের নিকট তাগাদা পত্র পাঠিয়ে আসছি। আপনি যদি এখনো জরিপ ফরমটি পূরন না করে থাকেন তবে অনুগ্রহ পূর্বক আগামী ২৩শে ডিসেম্বর ২০০৭ এর মধ্যে পূরন করে ৭৮, কোয়েকার ষ্ট্রীট, লন্ডন ই-১ ৬ এস, ডব্লিউ, এর ঠিকানায় আমাদের অফিসে সেটি ফেরত পাঠাবেন।

একটা প্ররোচনা হিসাবে আমরা যেসকল ভাড়াটিয়া জরিপ ফরমটি পুরন করে ফেরত পাঠাবেন তাঁদের সবার জন্য একটা প্রাইজ ড্র পরিচালনা করবো, বিজয়ীগণ পুরস্কার স্বরূপ শপিং ভাউচার পাবেন।

বিজয়ীগণ পুরস্কার হিসাবে নিম্ন হারে শপিং ভাউচার পাবেন ঃ

- ১টি প্রথম পুরস্কার -> ৫০ পাউন্ড মূল্যমানের আরগোস ভাউচার
- ২টি দ্বিতীয় পুরস্কার -> ৩০ পাউন্ড মূল্যমানের আরগোস ভাউচার

৩টি তৃতীয় পুরস্কার-> ২০ পাউন্ড মূল্যমানের আরগোস ভাউচার

আপনার যদি এ বিষয়ে আরো কিছু জানার থাকে তবে ০২০৭ ৩৯২ ৫৪০৭ নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

প্রশ্নপত্র সমূহ পূরনে আপনার সময় ও প্রচেষ্টার জন্য আপনাকে অগ্রীম ধন্যবাদ। আপনার সহযোগিতা অত্যন্ত গুরুত্ব সহকারে উপলদ্ধি করা হবে।

সৃষ্টি সমস্যাবলীর নিরিখে তাঁদের সন্তুষ্টি সম্পর্কে জিজ্ঞাসা করা হবে, বিরক্তি সৃষ্টি এবং জাতিগত হয়রানীর উপর আলোকপাত করে রিপোর্ট চালুকরন যাতে আনুষ্ঠানিক মনিটরিং শুরু করা যায়। এলাকায় যে সমস্ত অভিযোগ সমূহ রিপোর্ট করা হয়েছে এবং সেগুলোর উপর কি কি ধরনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে সেগুলো অন্তর্ভূক্ত করা যেতে পারে। বিরক্তি সৃষ্টিকরণ মোকাবেলা করার ক্ষেত্রে প্রতিরোধকরণ এবং বল প্রয়োগ সংক্রান্ত বিষয়াদি নির্দেশনার সাহায্যার্থে 'সেইফার নেইভারহুড টীম' এবং 'আউটরিচ এজেন্সী' সমূহের নিকট নিয়মিত ভিত্তিতে ব্যাপক তথ্য সম্বলিত রিপোর্ট / প্রবনতা রিপোর্ট প্রেরন করতে হবে। পরিসংখ্যান রিপোর্ট যা প্রবনতা নির্দেশ করতে পারে [যেমন - পোষ্ট কোর্ড এর ভিত্তিতে - যেখানে একটা নির্দিষ্ট প্রকৃতির সমস্যা বারবার ঘটছে] এমন রিপোর্ট প্রস্তুতকরনে সমর্থ করার লক্ষ্যে বর্তমান আই, টি, পদ্ধতি তদন্ত করতে হবে । হাউজিং অফিসার যাতে জটিল সমস্যা সমূহ নিরসন করতে সক্ষম হন তার নিমিত্তে তাঁকে সাহায্য সূচক নির্দেশনা প্রদানের লক্ষ্যে একটা কৌশল হিসাবে হাউজিং অফিসার, হাউজিং ম্যানেজার, মেইনটেন্যান্স অফিসার এবং কমিউনিটি ডেভেলপমেন্ট টিম এর সমন্বয়ে বিরক্তি সৃষ্টিকারী সমস্যা সংকুল এলাকাসমূহ মোকাবেলার জন্য নিবিড় পর্যবেক্ষনমূলক প্যানেল গঠন করতে হবে।

পরিবেশ উনন্নয়ন প্রিন্সলেট স্ট্রীট গার্ডেন ও প্লে ফ্যাসিলিটি।

স্পেলম্যান স্ট্রীট গার্ডেন ও প্লে-ফ্যাসিলিটির সফল উন্নয়ন কাজের পর স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন প্রিন্সলেট স্ট্রীট এ ইহার দ্বিতীয় প্রকল্প স্থাপনের প্রক্রিয়ায় রয়েছে। এ প্রকল্পের অধীনে জনগনের ব্যবহারের জন্য ৭৯২ বর্গ মিটার আকারের একটা প্লে -ফ্যাসিলিটি এবং স্থানীয় শিশু ও তাদের পরিবারসমূহের জন্য ডিসকোভারী গার্ডেন নির্মান করা হবে। জুলাই ২০০৮ মাসে সম্পাদনের লক্ষ্যমাত্রা নিয়ে জুলাই ২০০৭ মাসে শুরু হওয়া এ প্রকল্পের আওতায় একটা ডিসকোভারী গার্ডেন স্থাপন এর কাজে এ সাইটটির নিকটবর্তী স্হাণীয় কমিউনিটিকে জড়িত করবো বলে আমরা প্রত্যাশা করছি । ২০টি গাছ এবং ২০০টি গুল্মোদ্যান এর মূল্য পরিশোধের নিমিত্তে আমরা উডল্যান্ড গ্র্যান্ট ট্রাষ্ট এর নিকট থেকে ইতিমধ্যে ২৮২৮ পাউন্ড অনুদান পেয়েছি। এছাড়া ও আমরা এ্যাডভেঞ্চার প্লে ইকুইপম্যন্ট ক্রয়ের জন্য “নেইভরহুড রি-নিউয়্যাল ফান্ড, ল্যাপ-২” এর নিকট থেকে ৫০০০ পাউন্ড পাওয়ার বিষয় নিশ্চিত করেছি এবং আমাদের তহবিল থেকে আমরা শ্রমিক এর মজুরী ও কঠিন ল্যান্ডস্কেইপিং (ভূমি বিন্যাস) এর জন্য ৪০০০ পাউন্ড আলাদা বরাদ্ধ রেখেছি।

প্রকৃতির সাথে পারস্পিরিক ক্রিয়া প্রতিক্রিয়া ও খেলাধুলাকে উৎসাহিত করার নিমিত্তে এবং সে লক্ষ্যে শিশুদের মধ্যে “বায়োফোবিয়া” সৃষ্টির বিরুদ্ধে সংগ্রাম করার ক্ষেত্রে সহায়তা করার নিমিত্তে রিসাইক্লিং, ফরেষ্ট গার্ডেনিং (বনায়ন) এবং গাছপালা ও প্রাকৃতিক কাঁচামাল সামগ্রী ব্যবহার করাকে মূলনীতি হিসাবে প্রতিষ্ঠা করার উপর ভিত্তি করেই এই স্থানটির উন্নয়ন করা হবে। ['বায়োফোবিয়া' হচ্ছে প্রকৃতির প্রতি একটা বিরূপ মনোভাব বা অনীহা, যার ফলে প্রকৃতির প্রতি মানুষের সহজাত আকর্ষন বিকশিত হবার সুযোগ বাধাগ্রস্থ হয় বলে ধারণা করা হয়] । এর ফলাফলস্বরপ একটা প্লে / ডিসকোভারী গার্ডেন তৈরী করা হবে যা শিশু ও তাদের পরিবারকে যত বেশী সম্ভব একটা বিচিত্র প্রাকৃতিক আবাসভূমির সংস্পর্শে আনবে এবং যা তাদের চেতনা ও ভাবনাকে উদ্ধুদ্ধ করবে।

এ প্রকল্পে কমিউনিটির অংশগ্রহন উৎসাহিত করার জন্য একটা ক্রমাগত পরামর্শকরন কর্মসূচীসমূহ ও কমিউনিটি বৃক্ষায়ন কর্মশালা সমূহের অংশ হিসাবে আমরা ইতিমধ্যেই প্রকল্পটির জন্য একটা “ডোর টু-ডোর” সার্ভে (জরিপ) পরিচালনা করেছি। এ ধরনের কমিউনিটি বৃক্ষায়ন ও পরামর্শ করন কর্মসূচীর পিছনে আমাদের উদ্দেশ্যাবলীর একটি হচ্ছে সামাজিক পারস্পরিক ক্রিয়া প্রতিক্রিয়া উন্নয়নে আমাদের ভাড়াটিয়াবৃন্দ ও বাসিন্দাদের সহায়তা করা এবং সাইটটির দীর্ঘ মেয়াদী সুরক্ষায় একটা রক্ষাকবচ তৈরীতে কমিউনিটিকে সহায়তা করা। রিসাইক্লিং এবং রিসাইক্লিং এর উপর বাসিন্দাদের সচেতনতা বৃদ্ধি এবং বর্জ্য নূন্যতম পর্যায়ে আনতে সহায়তা করার নিমিত্তে ইহা টাওয়ার হ্যামলেটস এর সাথে পার্টনারশীপ এর মাধ্যমে স্পিটালফিল্ডস্ এর দ্বিতীয় রেসিডেন্ট কম্পোষ্টিং স্থাপন করবে।

গার্ডেনটিতে শিশুদের জন্য একটা উত্তেজনাপূর্ন ডিসকোভারী (আবিস্কার) খেলার স্থান এবং একই সাথে বড়দের জন্য একটা বিনোদনমূলক ও আরামদায়ক পরিবেশ তৈরী করবে। বিভিন্ন জাতের ফলদায়ক বৃক্ষরাজি ও গাছ গাছড়ার উপস্থিতি ছোট শিশুদের স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস কে আরো দৃড়তর করার কাজে ব্যবহৃত হবে।

জীব-বৈচিত্র ঃ দেশীয় প্রজাতি সমূহ সন্নিবেশ করা হবে। একটা 'উচ্চ ফলনশীল' ও 'নিম্ন জোগান' স্থান প্রদান করার নিমিত্তে এ স্থানটির ভূমি উন্নয়নের কার্য্যক্রম বনায়নে ব্যবহৃত নীতিমালার অনুসরনে করা হবে।

সামাজিক ও কমিউনিটি ঃ এ স্থানটির উন্নয়নের নিমিত্তে পরামর্শকরন প্রক্রিয়ায় অংশগ্রহন ও একই সাথে কমিউনিটি বৃক্ষায়ন কর্মশালা সমূহে ও রিসাইক্লিং / বর্জ্য নূন্যতম পর্যায়ে আনয়ন বিষয়ক সেশনসমূহে অংশগ্রহন কমিউনিটিকে এ সংক্রান্ত কর্মকান্ডে জড়িত হবার ক্ষেত্রে ব্যাপক সুযোগ প্রদান করবে।

শিক্ষা ঃ তথ্য কর্মশালাসমূহ এবং একটা কমিউনিটি কম্পোষ্টিং স্কীম এ অংশগ্রহনের মাধ্যমে বাসিন্দাগণ ও তাঁদের শিশুদের রিসাইক্লিং ও বর্জ্য নূন্যতম পর্যায়ে আনয়ন এর উপকারীতার বিষয়ে প্রশিক্ষিত করা হবে।

আবাসিক ঃ এ সাইটটি আবাসিক স্থাপনার পাশেই অবস্থিত এবং সেখানকার বাসিন্দাগণ এ প্রকল্প থেকে সরাসরি উপকৃত হবেন।

ভূমি বিন্যাস ঃ এ স্থানটির বেষ্টিত উন্নয়ন একটা অবহেলিত ও অব্যবহৃত স্থানকে একটা রোমাঞ্চকর কমিউনিটি ফ্যাসিলিটিতে রূপান্তরিত করবে।

May you be blessed with divine grace of Allah….

On occasion of this festival of sacrifice we wish you happiness, peace and prosperity on EID-UL-ADHA

EID MUBARAK

Wishing you peace, hope and all the joys of the season

Merry Christmas and Happy New Year